

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

স্মারক নং ৩৮.০১.০০০০.৬৩১.০০.০১৯.২০১৫- ১৭২৫

১৩ কার্টিক ১৪২৫

তারিখ: \_\_\_\_\_  
২৮ অক্টোবর ২০১৮

বিষয় : বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে এক বছর মেয়াদী মাস্টার্স কোর্সে অধ্যয়নের জন্য আবেদনকারীদের IELTS Test গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: প্রাগম স্মারক নম্বর ৩৮.০০.০০০০.০১০.২৫.০০৮.১৮.৩২৬

তারিখ: ২৪ অক্টোবর, ২০১৮


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি'র (পিইডিপি ৪) আওতায় ২০১৯ শিক্ষাবর্ষে যুক্তরাজ্যের University of the west of Scotland (UWS) -এ এক বছর মেয়াদী মাস্টার্স কোর্সে অধ্যয়নের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তরের আবেদনকারী কর্মকর্তা ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের উক্ত বিশ্ববিদ্যালয়ের চাহিদা অনুযায়ী ইংরেজী বিষয়ে মেধা যাচাইয়ের জন্য ব্রিটিশ কাউন্সিলের মাধ্যমে IELTS Test গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

২। ব্রিটিশ কাউন্সিল জানিয়েছে যে, কর্মকর্তা ও শিক্ষকদের IELTS Test -এ অংশগ্রহণের জন্য জনপ্রতি ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা ফি প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে এবং উক্ত Test -এর জন্য রেজিস্ট্রেশন করতে আন্তর্জাতিক পাসপোর্ট অথবা জাতীয় পরিচয়পত্রের নম্বর উল্লেখ করতে হবে।

৩। ব্রিটিশ কাউন্সিলের ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট ভেন্যুতে আগামী ১৭ নভেম্বর ২০১৮ তারিখে একযোগে IELTS Test অনুষ্ঠিত হবে এবং আবেদনকারীদের ০৮ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে ব্রিটিশ কাউন্সিল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে (সারওয়াত রেজা, হেড অব বিজনেজ ডেভেলপমেন্ট, মোবাইল: ০১৭১৩-০৮৩৮৮২, ই-মেইল: [sarwat.reza@bd.britishcouncil.org](mailto:sarwat.reza@bd.britishcouncil.org); রিফাত জাহান চৌধুরী, স্কুল একজামস কো-অর্ডিনেটর, মোবাইল: ০১৭৩০-৩৩৮৭৮৭, ই-মেইল: [Rifatjahan.chowdhury@bd.britishcouncil.org](mailto:Rifatjahan.chowdhury@bd.britishcouncil.org)) প্রয়োজনীয় কাগজপত্র ও ফি প্রদান করে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, IELTS Test -এ অংশগ্রহণের জন্য নির্ধারিত ফি ও যাতায়াত খরচ আবেদনকারীদের বহন করতে হবে।

৪। সংযুক্ত তালিকায় বর্ণিত কর্মকর্তা ও শিক্ষকগণ (ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে ২০১৮ শিক্ষাবর্ষে এমএড কোর্সে অধ্যয়নরত কর্মকর্তা/শিক্ষক ব্যক্তিত) বর্ণিত ভেন্যুর মধ্যে সুবিধাজনক যে কোন একটি ভেন্যুতে IELTS Test -এ অংশগ্রহণ করতে পারবেন। কোন আবেদনকারী IELTS Test -এ অংশগ্রহণ করতে আগ্রহী না হলে তা মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে নির্ধারিত তারিখের পূর্বেই অবহিত করবেন। উল্লেখ্য, যে সকল আবেদনকারীগণ ইতোমধ্যে IELTS Test -এ ৬.০০ অথবা তদুর্ধি স্কোর অর্জন করেছেন এবং উহার মেয়াদ অদ্যাবধি উর্তীর্ণ হয়নি তারা ০৮ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে IELTS এর রেজাল্ট সিট প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ বিভাগে জমা দিবেন।

৫। এমতাবস্থায়, বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স কোর্সে অধ্যয়নের জন্য প্রাথমিক বাছাইয়ে নির্বাচিত আবেদনকারীদের ০৮ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে ব্রিটিশ কাউন্সিলে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করে IELTS Test -এ অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

  
মোঃ আব্দুর রুক্ফ  
পরিচালক (প্রশিক্ষণ)  
ফোন: ০২-৫৫০৭-৮৯৮৬  
মোবাইল: ০১৫৫২-৮২৫৭৬০

আবেদনকারী কর্মকর্তা/শিক্ষক

সদয় অবগতি ও কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী, ময়মনসিংহ।
- ৩। পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ডিপিই ওয়েব সাইটে বিজ্ঞপ্তি খানা আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। বিভাগীয় উপপরিচালক (সকল) প্রাথমিক শিক্ষা (তাঁর আওতাধীন আবেদনকারী কর্মকর্তা ও শিক্ষকদের অবহিতকরণের অনুরোধসহ)।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) (তাঁর আওতাধীন আবেদনকারী কর্মকর্তা ও শিক্ষকদের অবহিতকরণের অনুরোধসহ)।
- ৬। সুপারিনিটেন্ডেন্ট, পিটিভাই (সকল) (তাঁর আওতাধীন আবেদনকারী কর্মকর্তা ও শিক্ষকদের অবহিতকরণের অনুরোধসহ)।
- ৭। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল) (তাঁর আওতাধীন আবেদনকারী কর্মকর্তা ও শিক্ষকদের অবহিতকরণের অনুরোধসহ)।
- ৮। ইন্সট্রাক্টর, উপজেলা/ থানা রিসোর্স সেন্টার (সকল) (তাঁর আওতাধীন আবেদনকারী কর্মকর্তা ও শিক্ষকদের অবহিতকরণের অনুরোধসহ)।
- ৯। পিএ টু মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। পিএ টু অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। অফিস কপি।